যায়যায়দিন

তারিখ ... 18 JUL 2007
পৃষ্ঠা ... কলাম ...

# দেড় হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

সরকার দেশের আদিবাসীসহ হাওর-বাঁওড়, চা বাগান, মঙ্গা, চর ও বিল অঞ্চলের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর শিক্ষার উন্নয়নে পদক্ষেপ নেবে। এ অঞ্চলের শিক্ষার মানোন্নয়নে প্রায় ১ হাজার ৫০০ নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এথনিক কমিউনিটি ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (একডো) এক প্রতিনিধি দলের সঙ্গে সিলেট বিভাগের আদিবাসী জনগোষ্ঠীর শিক্ষা সমস্যার সমাধান নিয়ে বৈঠকে একথা বলেন।

পাঠ্যপুস্তকে বিভিন্ন আদিবাসীদের বিষয়গুলো যথাযথ গুরুত্ব দিয়ে সংশোধন করা হয়েছে বলে শিক্ষামন্ত্রী জানান। শিক্ষামন্ত্রী বলেন, আদিবাসী শিক্ষার্থীদের শিক্ষায় অধিকসংখ্যক এগিয়ে আসার লক্ষ্যে ভবিষ্যতে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে কোটা রাখার ব্যবস্থা করা হবে। তিনি সরকারি উদ্যোগের পাশাপাশি আদিবাসী নেতৃত্বকে শিক্ষার মানোন্নয়নে নিজস্ব উদ্যোগ গ্রহণেরও আহ্বান জানান।

একডোর নির্বাহী পরিচালক লক্ষীকান্ত সিংহের নেতৃত্বে প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন খাসী প্রতিনিধি টেম লানং (উত্তম), চা-জনগোষ্ঠীর প্রতিনিধি সুশীল রঞ্জন নায়েক, পাত্র আদিবাসী ঐক্য পরিষদের সভাপতি রবীন্দ্র মহাপাত্র, একডোর সমন্বয়কারী নোং পকলো সিনহা ও মণিপুরী আদিবাসী শিক্ষক প্রতিনিধি খোইরোম কামিনী সিংহ। বৈঠককে প্রতিনিধি দল শিক্ষাক্ষেত্রে আদিবাসীদের প্রাতিষ্ঠানিক সমস্যা, শিক্ষক অপ্রতুলতা, ভাষাগত সমস্যাসহ নানা দিক তুলে ধরেন।